দৈনিক সংবাদ

FEB. 13 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# ভিনদেশে পড়ালেখা

গিয়াস মাহমুদ

লেখাপড়া

আজকাল অনেকেই দেশের বাইরে কোনো ভাল শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করতে আগ্রহী। কিন্তু সঠিক তথ্যের অভাবে ইচ্ছা থাকা সত্ত্বেও তা সম্ভব হয়ে ওঠে না। তাই যারা ভারতের কলকাতায় কোনো ভাল কলেজে ভর্তি হতে ইচ্ছুক তাদের সুবিধার্থে নিম্নে কিছু তথ্য উপস্থাপন করা হলো ঃ

'কলকাতার ভাল কলেজে ভর্তি হতে হলে প্রথমেই খুব ভাল নম্বর পেতে হবে। যেমন—বিজ্ঞান বিষয়ে কোনো ভাল কলেজে অনার্সে ভর্তি হতে হলে ৭৫%-এর উপরে নম্বর পেতে হবে। মানবিক ও বাণিজ্য শাখায় ভর্তি হতে হলে ৭০%-এর ওপরে নম্বর পেতে হবে। তবে ৫০% নম্বর পেলেও মাঝারি মানের কোনো প্রাইভেট কলেজে ভর্তি হওয়া যেতে পারে।

কলকাতার কলেজগুলোতে টিউশন ফি তুলনামূলকভাবে কম। সাধারণতঃ ১শ থেকে ২শ ৫০ রুপির মধ্যে। এছাড়া এককালীন ভর্তি ফি লাগবে ২০ থেকে ২৫ হাজার রুপি। আগ্রহী প্রার্থীরা এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বর জানিয়ে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করতে পারেন— Premier foundation for career Guidence, Suit no. 22 ist floor, 2 Chowrangee road, Calcutta-16. Tel 228-4595.E-mail dipankar@ashree com.

অথবা বাংলাদেশে তাদের সহযোগী প্রতিষ্ঠানের সাথে ১৯৬৭৫৪৪ বা ৯১২১৪২৪ ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

যে সব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করা সম্ভব ঃ আশুতোষ কলেজ, আচার্য্য জগদীশ চন্দ্র বোস কলেজ, বেথুন কলেজ, সিটি কলেজ, লরেটো হাউস কলেজ, মওলানা আজাদ কলেজ, নিউ আলীপুর কলেজ, প্রেসিডেন্সি কলেজ, স্কটিচ চার্চ কলেজ, সুরেন্দ্রনাথ কলেজ, বিদ্যাসাগর কলেজ, উমেশ চন্দ্র কলেজ, ভিক্টোরিয়া ইনস্টিটিউশন, গোয়েঙ্কা মেমোরিয়াল গার্লস এন্ড কমার্স কলেজ, সাউথ ক্যালকাটা ল কলেজ।

উল্লিখিত সবগুলো কলেজই কলকাতা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত অর্থাৎ স্নাতক ডিগ্রি স্যার্টিফিকেট প্রদান করে কলকাতা বিশ্ববিদ্যালয়। উল্লেখ্য, এখানে অনার্স ও পাস্‌কোর্স উভয়ই তিন বছরমেয়াদি।